

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৩৩

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৬৭. যখন স্বামী - স্ত্রীর একজন ইসলাম কবূল করে।

باب إِذَا أُسْلَمَ أُحَدُ الزَّوْجَيْنِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيّ، أَخْبَرَنِي أَبُو أَحْمَدَ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ سِمَاكِ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ أَسْلَمَت امْرَأَةٌ عَلَى عَهْدِ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَتَزَوَّجَتْ فَجَاءَ زَوْجُهَا إِلَى النّبِيّ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللّهِ إِنِّي قَدْ كُنْتُ أَسْلَمْتُ وَعْلِمَتْ بِإِسْلاَمِي فَانْتَزَعَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم مِنْ زَوْجِهَا الآخرِ وَرَدَّهَا إِلَى زَوْجِهَا الأَوَّلِ .

বাংলা

২২৩৩. নাসর ইবন আলী ইবন আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে জনৈকা মহিলা ইসলাম গ্রহণ করে। এরপর সে (মদীনাতে) একজনকে বিবাহ করে। এরপর তার (পূর্বের) স্বামী নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আগমণ করে বলে, ইয়া রাসূলাল্লাহ্! আমি তো ইসলাম কবূল করেছি। আর আপনি আমার ইসলাম কবূল করা সম্পর্কে অবহিত আছেন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত মহিলাকে, তার পরবর্তী স্বামীর নিকট হতে নিয়ে প্রথম স্বামীর নিকট প্রদান করেন।

English

Narrated Abdullah ibn Abbas:

A woman embraced Islam during the time of the Messenger of Allah (ﷺ); she then married. Her (former) husband then came to the Prophet (ﷺ) and said: Messenger of Allah, I have already embraced Islam, and she had the knowledge about my Islam. The Messenger of Allah (ﷺ) took her away from her latter husband and restored her to her former husband.



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন